




ISO 9001:2015 Certified

টেলিফোনঃ ০৩৩১- ৬২২০০, ৭৪৭০৭

ওয়েবঃ pbs.feni.gov.bd

ই-মেইলঃ fenipbs84@gmail.com



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।



স্মারক নং-২৭.১২.৩০২৯.৫১৬.০২.০২২.২২. ২৫৬৬


তারিখঃ- ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ।
০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বিষয়: দরপত্র বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত অত্র পবিস এর “দরপত্র বিজ্ঞপ্তি” টি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) কপি।


(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- ০১। এজিএম- (অর্থ-হিসাব), ফেনী পবিস।
- ০২। এজিএম (আইটি), ফেনী পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য।)
- ০৩। অফিস কপি/ মাস্টার কপি।


০১.০৬.২২
(আব্দুল আউয়াল)
এজিএম (প্রশাসন) অঃ দাঃ

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

মহিপাল, ফেনী।

“দরপত্র বিজ্ঞপ্তি”

০১। নিম্নের বর্ণনা অনুযায়ী পবিস তহবিলের আওতায় মালামাল/সেবা ক্রয়ের জন্য ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

প্যাকেজ নং (সাবপ্যাকেজ নং)	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)
G-22.23.16.32-001	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	১,০০০.০০	৪০,০০০.০০
G-22.23.16.23-001	বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল	১,০০০.০০	৩২,০০০.০০
G-22.23.16.32-003	মুদ্রণ সামগ্রী	১,০০০.০০	২০,০০০.০০
G-22.23.16.34-001	স্টেশনারী সামগ্রী	১,০০০.০০	১৮,০০০.০০
G-22.23.16.26-001	কর্মচারীদের ইউনিফর্ম	১,০০০.০০	১৭,০০০.০০

০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে ফেনী পবিস এর সদর দপ্তর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর/ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে আগামী ১৬/০৬/২০২২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। আগামী ১৯/০৬/২০২২ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে উক্ত দুইটি কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০৪। দরপত্র সমূহ ১৯/০৬/২০২২ ইং তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। পিপিআর-২০০৮ ও পবিস নির্দেশিকা ৩০০-৩৬ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

০৬। কৃতকার্য দরদাতা কর্তৃক মালামালের মোট উদ্ধৃত অর্থের ১০% হিসাবে Performance Security হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে জমা প্রদান পূর্বক চুক্তি সম্পাদন করতে হবে। যার মেয়াদ সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর হতে ন্যূনতম পরবর্তী ৬০ দিন পর্যন্ত থাকতে হবে।

০৭। সকল দরপত্র দলিলের খামের উপরে দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, প্যাকেজ নং ও নাম স্পষ্ট করে লিখতে হবে।

০৮। প্রতিটি দরপত্রের সাথে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৯। সরবরাহকারীগণকে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক মালামালের মূল্য পরিশোধ করা হবে।

১০। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।

১১। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, ফেনী পবিস, মহিপাল, ফেনী-কে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১২। ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

“শেখ হাসিনার দর্শন- সেবক হয়ে কর্ম
সম্পাদন”

(মোঃ আখতার হোসেন)

জেনারেল ম্যানেজার

টেলিফোন নং- ০৩৩১-৬২২০০